

এমপিওভুক্ত হচ্ছে আরো ৪শ শিক্ষা প্রতিষ্ঠান

প্রধানমন্ত্রী কিরণে-তালিকা হস্তান্তর স্টাফ রিপোর্টার

আরো ৪শ টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত হচ্ছে। ঘোষিত তালিকা থেকে পালমনিরহাটের শহীদ আবুল কাশেম শিক্ষা প্রতিষ্ঠানসহ প্রায় আট-দশটি প্রতিষ্ঠান রাখিল করা হয়েছে। প্রধানমন্ত্রী দেশে ফিরলে রিভিউ করা এমপিও তালিকাটি তার মাছে হস্তান্তর পৃঃ ১২ কঃ ২

এমপিওভুক্ত হচ্ছে আরো ৪শ

প্রথম পৃষ্ঠার পর

করা হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইনকিলাবকে বলেন, ঘোষিত তালিকা থেকে পালমনিরহাটের শহীদ আবুল কাশেম শিক্ষা প্রতিষ্ঠানটি রাখিল করা হয়েছে। এছাড়া পাইবাকায় অভিমুক্ত করেকটি শিক্ষা প্রতিষ্ঠান তদন্তের নির্দেশ দেয়া হয়েছে। তদন্তের জন্য একটি টিমও গঠন করা হয়েছে। আগের প্রকাশিত এমপিওভুক্ত এক হাজার ২২টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে মাত্র ৮-১০টি প্রতিষ্ঠানকে বাদ দেয়া হয়েছে। এতে আরো নতুন করে চারশ প্রতিষ্ঠানকে এমপিও করা হতে পারে। প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা আলাউদ্দিন আহমেদকে বলেছি, তিনি যেসবটি প্রতিষ্ঠানের এমপিও করতে চান করতে পারবেন। এজন্য সবধরনের সহযোগিতা করা হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি নির্ভরযোগ্য সূত্র জানায়, ঘোষিত তালিকার মধ্যে যেসব প্রতিষ্ঠানের অবকাঠামো নেই, প্রতিষ্ঠানের বিরুদ্ধে জনপ্রতিনিধিদের সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে কেবল সেগুলোই বাদ পড়বে। তবে এ সংখ্যা একেবারেই অপ্রতুল। ৭ মে গত শুক্রবার ভোররাতে এমপিও পাওয়া প্রতিষ্ঠানের তালিকা ঘোষণা করা হয়। তালিকা প্রকাশের দুদিন পরেই মন্ত্রিসভার বৈঠকে শিক্ষামন্ত্রী তার সহকর্মীদের রোগানলের মুখে পড়েন। প্রধানমন্ত্রী তালিকা পর্যালোচনার নির্দেশ দেন এবং নতুন বাছাইকৃত কমিটি গঠনের জন্য তার শিক্ষা উপদেষ্টা আলাউদ্দিন আহমেদকে দায়িত্ব দেন। আলাউদ্দিন আহমেদের নেতৃত্বে ১০ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। সূত্র জানায়, প্রধানমন্ত্রীর নির্দেশনার পর প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা জনপ্রতিনিধিদের কাছে মতামত চেয়ে পরে পাঠান। অন্যদিকে শিক্ষামন্ত্রীও ঘোষিত তালিকার কয়েকটি পর্যালোচনা করেন। সূত্র জানায়, পর্যালোচনা শেষ হয়েছে। তবে প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করা হয়নি।

এদিকে মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, আরও নতুন প্রায় ৪শ প্রতিষ্ঠান এমপিওভুক্তির প্রয়োজনে আরো প্রায় ৪০ কোটি টাকার প্রয়োজন হবে। বাড়তি টাকা মন্ত্রণালয়ের বিভিন্ন তহবিল থেকে সংগ্রহ করা হবে। প্রধানমন্ত্রীর দপ্তরে ঘোষিত এমপিও তালিকা নিয়ে পর্যালোচনা চলছে। সম্ভবিত্ত প্রকাশিত এমপিও তালিকায় অপেক্ষিত হয়ে দুটি শিক্ষা প্রতিষ্ঠান। যার একটি হচ্ছে পালমনিরহাটে বিএনপি নেতা আসাদুল হাবিব দূপুর বাবা শহীদ আবুল কাশেমের নামে গড়া শিক্ষা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণের জন্য বিমান ও কুটনৈমন্ত্রীর ডিও লেটার দিয়েছিলেন। এছাড়া পটুয়াখালীর ধানবাড়ী উচ্চশিক্ষা বিএম কলেজের এমপিও

জন্য ডিও লেটার দিয়েছিলেন জাতীয় সংসদের ডেপুটি স্পীকার। উল্লেখ্য, ২০০৪ সাল থেকে বঙ্গ রয়েছে বেসরকারী প্রতিষ্ঠান এমপিওকরণ প্রক্রিয়া। এ সরকারের উদ্যোগে বিগত ৭ বছর পর নতুন এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু করা হয়েছে। ৭ মে প্রকাশিত তালিকায় ১ হাজার ২২টি প্রতিষ্ঠান স্থান পায়, এর মধ্যে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ২২৮টি, মাধ্যমিক বিদ্যালয় ২০৪টি, স্কুল ও কলেজ ১৪টি, উচ্চ মাধ্যমিক কলেজ ৫০টি, ডিগ্রি কলেজ ১৮টি, দাখিল মাদ্রাসা ১৬০টি, আলিম মাদ্রাসা ২৭টি, ফরমাল মাদ্রাসা ৬টি, এস.এসসি জে.কে.এস.এস. প্রতিষ্ঠান ১০১টি এবং এইচ.এসসি (বিএম) পর্যায়ের কলেজ ১৬১টি।